

**প্রধানমন্ত্রীর কাছে জাতীয়  
 শিক্ষানীতির খসড়া  
 হস্তান্তর**

৥ ইত্তেফাক রিপোর্ট ৥  
 জাতীয় শিক্ষানীতি ২০০৯-এর খসড়া গতকাল প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করা হয়েছে। প্রধানমন্ত্রীর সংসদ কার্যালয়ে তার কাছে শিক্ষানীতির এই খসড়া হস্তান্তর করেন শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ। এ সময় শিক্ষা সচিব আতাউর রহমান, অতিরিক্ত শিক্ষা সচিব রাজিয়া বেগম ও শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তা সোহরার হোসেন উপস্থিত ছিলেন। বর্তমান সরকার দায়িত্ব গ্রহণের পর জাতীয় অধ্যাপক কবীর চৌধুরীকে চেয়ারম্যান ও ড. খলীকুজ্জমানকে ভাইস চেয়ারম্যান করে ১৮ সদস্যের একটি জাতীয় শিক্ষা কমিশন গঠন করা হয়। কমিশন গত ২ সেপ্টেম্বর শিক্ষা মন্ত্রণালয়ের কাছে তাদের সুপারিশ পেশ করেন। (১৫শ পৃঃ ৪-এর কঃ প্রঃ)



**প্রধানমন্ত্রীর কাছে জাতীয়**

(প্রথম পৃঃ পর)  
 এদিকে খসড়া শিক্ষানীতির ওপর শিক্ষাবিদ, গবেষকসহ সর্বসাধারণের মতামত গেতে এটি ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। এখন যে কেউ খসড়া শিক্ষানীতি ওয়েবসাইটে ([www.moedu.gov.bd](http://www.moedu.gov.bd)) দেখতে পাবেন। আগামী ৩০ সেপ্টেম্বর ২০০৯ পর্যন্ত [minister@moedu.gov.bd](mailto:minister@moedu.gov.bd) এবং [info@moedu.gov.bd](mailto:info@moedu.gov.bd) নম্বরে ই-মেইলে খসড়া শিক্ষানীতির উপর মতামত প্রদান করা যাবে।

প্রধানমন্ত্রী শেখ হাসিনার নিকট সোমবার জাতীয় সংসদ ভবনে প্রধানমন্ত্রীর কার্যালয়ে শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ জাতীয় শিক্ষানীতি-২০০৯-এর খসড়া হস্তান্তর করেন -পিআইডি